প্রধানমন্ত্রীর সহায়তা কামনা করলেন মাশরাফি

উন্নয়ন পরিকল্পনা নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করেছেন নড়াইল-২ আসনের সাংসদ মাশরাফি বিন মুর্তজা। পরিকল্পনাগুলো বাস্তবায়নের জন্য সরকারপ্রধানের সহায়তা কামনা করেছেন তিনি।

বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন মাশরাফি। প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব ইমরুল কায়েস বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, নড়াইলের বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা নিয়ে প্রধানমন্ত্রীর কাছে এসেছিলেন মাশরাফি। তারা সেখানকার উন্নয়নের রূপকল্প নিয়ে বেশ কিছুক্ষণ আলোচনা করেন। ওই এলাকার মানুষ হিসেবে সবসময় আমি তার সঙ্গে ছিলাম।

উল্লেখ্য, নিজ নির্বাচনী এলাকার উন্নয়ন এবং নানা বিষয়ে পরামর্শ নিতে নিয়মিত শেখ হাসিনার কাছে আসেন মাশরাফি। সেই ধারাবাহিকতায় এবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে আগমন ঘটে ম্যাশের।